তারিখ ... 15.3.85 ...
পৃষ্ঠা ... 1 কলাম 3 ...

# সরকারী কলেজগুলিতে ৮০০ প্রভাষকের পদ খালি

॥ সুনীল ব্যানার্জি ॥

দেশের সরকারী কলেজগুলিতে আট শয়েরও বেশী প্রভাষকের পদ খালি রয়েছে। এর অধিকাংশই খালি পড়ে রয়েছে ৩/৪ বছর ধরে। কোন কোন কলেজে বছরের পর বছর ১৪/১৫ জন পর্যন্ত প্রভাষক নেই। ফলে স্বাভাবিকভাবেই সংশ্লিষ্ট কলেজগুলিতে লেখাপড়া ব্যাহত হচ্ছে।

নির্ভরযোগ্য সূত্রের খবর ১৯৮১ সাল থেকে সরকারী কলেজগুলিতে প্রায় সাড়ে ৬শ' প্রভাষকের পদ খালি হয়। বহু লেখালেখির পর গত বছর পাবলিক সার্ভিস কমিশন মাত্র ১শ' ৫০ জন প্রভাষককে নিয়োগ করে। বাকী প্রায় ৫শ' প্রভাষকের পদ পূরণের জন্য আর কোন ব্যবস্থা নেয়া হয় নি। সম্প্রতি প্রায় ৫শ' প্রভাষককে সহকারী অধ্যাপক হিসাবে পদোন্নতি দেয়া হয়েছে। একই সময় প্রায় ৮শ সহকারী প্রভাষককে সহযোগী অধ্যাপক পদে ও ৭২ জন সহযোগী অধ্যাপককে অধ্যাপক পদে পদোন্নতি দেয়া হয়। এর ফলে সরকারী কলেজগুলিতে খালি হওয়া প্রভাষকের পদের সংখ্যা দাঁড়ায় সহস্রাধিক। এর মধ্যে ১শ' ৩১ জন ডেমোনেস্ট্রেটরকে সম্প্রতি প্রভাষক হিসাবে পদোন্নতি দেয়া হলেও প্রভাষকের অবশিষ্ট পদ-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## পদ খালি

(১ম পৃঃ পর)

গুলি পূরণের কোন ব্যবস্থা নেয়া হয় নি।

জানা গেছে, সরকারী কলেজগুলিতে সবচেয়ে বেশী পদ খালি রয়েছে ইংরেজী প্রভাষকের। এর সংখ্যা শতাধিক। এছাড়া, পদার্থ বিজ্ঞান, অর্থনীতি, রাষ্ট্র বিজ্ঞান, ব্যবস্থাপনা, দর্শন, সমাজ বিজ্ঞান প্রভৃতি বিভাগেরও বহু পদ খালি রয়েছে। সবচেয়ে কমসংখ্যক প্রভাষকের পদ খালি রয়েছে বাংলা বিভাগে। ঢাকার ইডেন গার্লস কলেজে ইংরেজী বিভাগে সাতজন প্রভাষকের কাজ মাত্র তিনজনকে করতে হচ্ছে দীর্ঘদিন ধরে।

সাতক্ষীরা সরকারী কলেজে ১৪টি প্রভাষকের পদ খালি রয়েছে দীর্ঘদিন ধরে। প্রায় একই অবস্থা বিরাজ করছে বাগেরহাট ও নড়াইল কলেজে।

জানা গেছে, প্রভাষকের পদ খালি থাকার কথা সংশ্লিষ্ট কলেজ থেকে শিক্ষা পরিদফতরকে বার বার জানান হয়েছে। এরপর শিক্ষা পরিদফতর কলেজগুলিতে লোক নেয়ার জন্য সুপারিশ করে মন্ত্রণালয়ের কাছে একাধিকবার অনুরোধ জানায়। শিক্ষা মন্ত্রণালয় বিষয়টির প্রতি পাবলিক সার্ভিস কমিশনের দৃষ্টি আকর্ষণ করে। মন্ত্রণালয় থেকে কমিশনকে জরুরী ভিত্তিতে কলেজগুলিতে প্রভাষক নিয়োগের জন্য তাগাদাও দেয়া হয়।

বর্তমানে পাবলিক সার্ভিস কমিশন কয়েক শ' প্রভাষক পদে লোক নেয়ার জন্য প্রস্তুতি নিচ্ছে। বিসিএস-এর মৌখিক ও মনস্তাত্তিক পরীক্ষা সম্পন্ন হবার পর পরই এব্যাপারে ইন্টারভিউ ডাকা হবে বলে জানা গেছে।

উল্লেখযোগ্য যে, বর্তমানে সারা দেশে ১শ ৬টি সরকারী কলেজ রয়েছে।